‘গুম’ হওয়া ব্যক্তিদের স্বজনদের তথ্য জানাবে ডিজিএফআই

চেম্বার ডেস্ক: ‘আয়নাঘরের বন্দিদের’ বিষয়ে আগামীকাল বুধবার সকালে পরিবারদেরকে জানানো হবে জানিয়েছে প্রতিরক্ষা গোয়েন্দা পরিদপ্তরের (ডিজিএফআই)।

গুমের শিকার হওয়া ব্যক্তিদের স্বজনদের নিয়ে গঠিত সংগঠন ‘মায়ের ডাক’ মঙ্গলবার ডিজিএফআই সদর দপ্তরে বন্দিদের মুক্তির বিষয়ে জানতে চাইলে সংস্থাটির পরিচালক (অ্যাডমিন) আজমিন তামজিদ একথা জানান।

তিনি বলেন, এখানে কোনো বন্দি নেই। বন্দিদের বিষয়ে আগামীকাল সকালে আপডেট জানানো হবে।

ডিজিএফআই সদর দপ্তরে মায়ের ডাকের সহপ্রতিষ্ঠাতা সানজিদা ইসলাম তুলি, বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী কার্যালয়ের সিনিয়র মানবাধিকার উপদেষ্টা হুমা খান, বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গুয়েন লুইস, বিশিষ্ট ফটোসাংবাদিক শহিদুল আলম এবং নারী অধিকার নেত্রী শিরিন হকের সঙ্গে বৈঠক শেষে তিনি এসব কথা বলেন।

মায়ের ডাকের অন্যতম সমন্বয়ক এবং ‘গুম’ হওয়া বিএনপি নেতা সাজেদুল ইসলাম সুমনের বোন আফরোজা ইসলাম আঁখি বলেন, জামায়াতে ইসলামীর সাবেক আমির ও যুদ্ধাপরাধে মৃত্যুদণ্ডে দণ্ডিত গোলাম আযমের ছেলে সাবেক সেনা কর্মকর্তা বিগ্রেডিয়ার জেনারেল আবদুল্লাহিল আমান আযমী এবং জামায়াতে ইসলামীর মৃত্যুদণ্ড পাওয়া নেতা মীর কাসেম আলীর ছোট ছেলে মীর আহমদ বিন কাসেমকে পাওয়া গেছে।

তিনি আরও বলেন, এত বছর ধরে তাদের ক্যান্টনমেন্টের ভেতরে আটকে রাখা হয়েছিল।